

স্মারক : ১২.০৫২.০২৫.০০.০০.০০১.২০১০-২৫৪

তারিখ : ২০ এপ্রিল ২০১৬।

প্রেরক : মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাকে দেশের অভ্যন্তরে পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্ত প্রেষণাদেশ মঞ্জুর।

জনাব,

আদিষ্ট হয়ে বিসিএস (কৃষি) ক্যাডারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অংশের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্ত দায়িত্ব হস্তান্তরের তারিখ বর্ণিত সময়ের জন্য নিম্নোক্ত শর্তে প্রেষণ মঞ্জুর করা হলো। একই সাথে তাঁকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তরে সংশ্লিষ্ট পদের বিপরীতে লীড রিজার্ভ (এলআর) হিসেবে পদায়ন করা হলো।

ক্রমিক নং	প্রস্তাবিত কর্মকর্তার নাম, পরিচিতি নং ও বর্তমান কর্মস্থল	যে প্রতিষ্ঠান কর্তৃক পিএইচডি এর বৃত্তি (Offer Letter) প্রদান করা হয়েছে	কোর্সের নাম ও মেয়াদ	বিশ্ববিদ্যালয়ের নাম
১।	জনাব আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম (পরিচিতি নং-১৮৭৩), অতিরিক্ত কৃষি অফিসার (এলআর) সংযুক্ত : পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর এর কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগের বাস্তবায়নাত্মক Project of world Agroforestry Centre (International Centre for Research in Agroforestry) of the Department of Agroforestry and Environment প্রকল্প কর্তৃক গবেষণা খরচ ও অন্যান্য সাপোর্ট। এছাড়া উক্ত বিশ্ববিদ্যালয় হতে মাসিক ৫,০০০/- টাকা হারে বৃত্তি।	পিএইচডি মেয়াদঃ ০৬ মার্চ ২০১৬ হতে ০৫ মার্চ ২০১৯ পর্যন্ত অথবা দায়িত্ব হস্তান্তরের তারিখ হতে পরবর্তী ৩৬ (ছত্রিশ) মাস।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর

শর্তাবলী :

- প্রেষণে থাকাকালীন তিনি কর্তব্যরত বলে গণ্য হবেন ;
- এ প্রেষণে থাকাকালীন তিনি কোন প্রেষণ ভাতা প্রাপ্য হবেন না;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিশ্ববিদ্যালয়ে অবস্থান করতে পারবেন না ;
- পিএইচডি কোর্স শেষে নির্ধারিত সময়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে যোগদান করে মন্ত্রণালয়কে অবহিত করবেন; এবং
- গবেষণা শেষে অভিসন্দর্ভ/গবেষণা পত্রের কপি কৃষি মন্ত্রণালয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের গ্রন্থাগারে আবশ্যিকভাবে জমা দিবেন।

স্বাঃ

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)

উপ-সচিব

ফোনঃ ৯৫৫৮৮৫৩

ই-মেইল : sasexten1@moa.gov.bd


স্মারক : ১২.০৫২.০২৫.০০.০০.০০১.২০১০-২৫৪

তারিখ : ২০ এপ্রিল ২০১৬।

অনুলিপি-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো :

- মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
- পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ড. মোঃ গিয়াসউদ্দিন মিয়া, প্রফেসর, কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।

৪. রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৭. জনাব আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম (পরিচিতি নং-১৮৭৩), অতিরিক্ত কৃষি অফিসার (এলআর),
সংযুক্ত : পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
১০. যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।


(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব